যুগান্তর

তারিখ ... 17 JUL 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারি শিক্ষকদের জুনের বেতন ব্যাংকে

যুগান্তর রিপোর্ট

অবশেষে নির্ধারিত সময়ের দু'সপ্তাহ পর জুন মাসের বেতন পেলেন দেশের বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকরা। শনিবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি) বেতন-ভাতা ছাড়ের আদেশ জারি করে।

সংস্থাটির উপ-পরিচালক শফিকুল ইসলাম সিদ্দিকী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, এমপিও বন্টনকারী চারটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকে এ সংক্রান্ত অর্থ ১২টি চেকের মাধ্যমে জমা দেয়া হয়েছে।

শিক্ষক-কর্মচারীরা ২১ জুলাই পর্যন্ত ব্যাংক থেকে নিজের অ্যাকাউন্টের মাধ্যমে বেতন উত্তোলন করতে পারবেন। একই সঙ্গে যারা মে মাসের এমপিও তুলতে পারেননি, তারাও এ সময়ের মধ্যে তা উত্তোলন করতে পারবেন।

সাধারণত প্রত্যেক মাসের প্রথম সপ্তাহের মধ্যে আগের মাসের এমপিও অর্থ ছাড় করা হয়। কিন্তু এবার তা দিতে দেরি হয়েছে। এ প্রসঙ্গে মাউশি মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান বলেন, এমপিওর অর্থবছর হচ্ছে জুন-মে।